# ALL INDIA RADIO, SILCHAR

**************

EVENING BULLETIN: BENGALI

13 MARCH, 2024

19:45 HRS:: 7-45PM IST

---

(১) বিভিন্ন প্রযুক্তি কাজে ব্যবহারের জন্য ভারতে উৎপাদিত চিপ সমূহ দেশকে আত্মনির্ভর করে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে বলে ভার্চুয়াল ব্যবস্থায় সেমি কন্ডাক্টর প্রকল্পের উদ্বোধন করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রকাশ/

(২) আস্থা ও বিশ্বাসের সঙ্গে এগিয়ে যাওয়ার ফলে আসাম সেমি কন্ডাক্টর শিল্প স্থাপিত হওয়া প্রথম রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য/

(৩) দেশের ৪৭০ টি জেলার সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ নিকাশি ও সেফটি ট্যাংক কর্মীদের মধ্যেও আয়ুষ্মান কার্ড ও পি পি ই কিট বিতরণ/

এবং

(৪) নাগরিকত্ব সংশোধনী নিয়মাবলী-২০২৪এর রূপায়ণ স্থগিত রাখার জন্য সুপ্রীম কোর্টে রাজ্যের বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া এবং সাংসদ আব্দুল খালেকের আবেদন দাখিল/ অসম জাতীতাবাদী যুবছাত্র পরিষদেরও এই আইনের স্থগিতাদেশ চেয়ে আবেদন/

---

বিভিন্ন প্রযুক্তিগত কাজে ব্যবহারের জন্য ভারতে উৎপাদিত চিপসমূহ দেশকে আত্মনির্ভর করে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রকাশ করেছেন। তিনি একইসঙ্গে সেমি কন্ডাক্টার উৎপাদনের ক্ষেত্রে ভারত শীঘ্রই বিশ্বপর্যায়ের একটি কেন্দ্র হিসেবে পরিগণিত হবে বলে দৃঢ়তার সঙ্গে মত প্রকাশ করেন । মরিগাঁও জেলার জাগীরোড সহ দেশের তিনটি স্থানে প্রায় একলক্ষ ২৫ হাজার কোটি টাকা ব্যয়সাপেক্ষে তিনটি সেমি কন্ডাক্টর প্রকল্পের

ভিত্তিপ্রস্তর স্থাপন করে প্রধানমন্ত্রী মোদী আজ একথা বলেন । ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে আজ সকাল সাড়ে দশটায় জাগীরোডের সঙ্গে তিনি গুজরাটের ধোলেরা এবং সানন্দ'এ নির্মিয়মান প্রকল্পগুলিরও শিলান্যাস করেন । উল্লেখ্য- জাগীরোডের হিন্দুস্তান কাগজ নিগমের আওতাধীন পূর্বের নগাঁও কাগজ কল প্রাঙ্গণে ২৭ হাজার কোটি টাকা ব্যয়ে নির্মিয়মান এই সেমি কন্ডাক্টর প্রকল্পটি হচ্ছে উত্তর পূর্বাঞ্চলে বেসরকারী ক্ষেত্রের সর্ববৃহৎ পরিমাণের ব্যয়ে নির্মিয়মান প্রকল্প । উত্তর পূর্বাঞ্চলের শিল্পক্ষেত্রে একটি মাইল ফলক হিসেবে চিহ্নিত হতে যাওয়া এই প্রকল্পটির প্রতিদিন চারকোটি ৮০ লক্ষ চিপ প্রস্তুত করার ক্ষমতা থাকবে বলে জানানো হয়েছে । টাটা ইলেকট্রোনিক্স প্রাইভেট লিমিটেডের উদ্যোগে পরবর্তী একশো দিনের মধ্যে এই প্রকল্পটির সেমি কন্ডাক্টর ইউনিটটির নির্মাণকার্য আরম্ভ হবে ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই কার্যসূচীর পর সাংবাদিকদের জানান যে- আন্দোলনের পরিবর্তে আস্থা ও বিশ্বাসের সঙ্গে এগিয়ে যাওয়ার ফলে আসাম সেমি কন্ডাক্টর শিল্প স্থাপিত হওয়া প্রথম রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে । তিনি বলেন যে- প্রধানমন্ত্রীর নিরলস প্রচেষ্টা এবং আসাম তথা উত্তর পূর্বাঞ্চলকে দক্ষিণ-পূর্ব এশিয়ার হিসেবে পরিগণিত করার লক্ষ্যে অগ্রগতি লাভ করা সম্ভব হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । আসামে এই বৃহৎ বিনিয়োগের জন্য প্রধানমন্ত্রী ছাড়াও টাটা গোষ্ঠীকে মখ্যমন্ত্রী কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন । এই বিনিয়োগের ফলে অন্যান্য বিনিয়োগকারীদের আসামে আমন্ত্রণের ক্ষেত্রে ইতিবাচক বার্তা বহন করবে এবং আসামের অর্থনৈতিক বিকাশ ও কর্মসংস্থানের ক্ষেত্রে অভূতপূর্ব ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

আজকের অনুষ্ঠানের সঙ্গে সঙ্গতি রেখে প্রধানমন্ত্রী 'ইন্ডিয়াজ টেকেড' শীর্ষক কার্যসূচীতে অংশগ্রহণ করে দেশের যুব সমাজকে সম্বোধন করেন । এই ব্যবস্থার মাধ্যমে যুব সম্প্রদায়ের জন্য কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি হবে বলে আশা করা হচ্ছে । এই কার্যসূচীতে দেশের সব কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়, আই আই টি, এন আই টি, আই আই এম সহ এক হাজার ৮-১৪ টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী সামাজিক উত্থান ও রোজগার আধারিত জনকল্যাণ ( পি এম-সুরজ) শীর্ষক একটি জাতীয় পোর্টালের আজ সূচনা করেছেন । একইসঙ্গে দেশের পিছিয়ে পড়া শ্রেণীর লোকেদের মধ্যে থেকে একলক্ষ উদ্যমীকে ঋণ সাহায্য প্রদান করা হয়েছে । তিনি ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে তপশিলী জাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণী এবং নিকাশি কাজে জড়িত কর্মীদের মধ্যে বিভিন্ন সরকারী প্রকল্পের সুযোগ গ্রহণ করা হিতাধিকারীদের সঙ্গে মত বিনিময় করেছেন । সমগ্র দেশের ৪৭০ টি জেলা থেকে বিভিন্ন সরকারী প্রকল্পের সুযোগ গ্রহণ করা অনগ্রসর শ্রেণীর জনসাধারণের মধ্যে প্রায় তিন লক্ষ হিতাধিকারী এই মতবিনিময় অনুষ্ঠানে অংশগ্রহণ করেন । এছাড়া প্রধানমন্ত্রী ন্যাশনেল এ্যাকশন ফর কিট্‌স টু সেউয়ার এন্ড সেপ্টিক ট্যাংক ওয়ার্কারস- (নমস্তে)'র অধীনে আজ নিকাশি সেপ্টিক ট্যাংক কর্মীদের পি পি ই কিট এবং আয়ুষ্মান স্বাস্থ্য কার্ড বিতরণ করেন ।

বরাক উপত্যাকার তিন জেলায়ও আজ প্রধানমন্ত্রী সূরজ তথা প্রধানমন্ত্রী সামাজিক উত্থান এবং রোজগার আধারিত জনকল্যাণ পোর্টাল উদ্বোধনী অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার করা হয় ।আজ শিলচর বঙ্গভবনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল গোলাব চান্দ কাটারিয়া মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন । রাজ্যপাল শ্রী কাটারিয়া তপশিলি জাতি , পিছিয়েপড়া শ্রেণী , ও নিকাশি কর্মীদের এক লক্ষ টাকা করে ঋণের অনুমোদনপত্র ,সেফটি টেংক কর্মীদের মধ্যে আয়ুষ্মান কার্ড ও পি পি ই কিট বিতরণ করেন ।অনুষ্ঠানে তাঁর ভাষণে রাজ্যপাল শ্রী কাটারিয়া প্রধানমন্ত্রীর বিভিন্ন প্রকল্পের কথা উল্লেখ করে বলেন যে দুস্থ লোকেদের একাউন্টের অর্থ বেংকের মাধ্যমে দেশের উন্নয়নের কাজে ব্যবহৃত হচ্ছে ।রাজ্যপাল তাঁর ভাষণে বর্তমান সরকারএর ৪ কোটি মানুষের জন্য গৃহ নির্মাণ , উজ্জ্বলা যোজনা , প্রায় ৭০ শতাংশ মানুষের ঘরে পাইপের মাধ্যমে পানীয় জল সরবরাহ , ৮০ কোটি মানুষের জন্য বিনামূল্যে চাল সরবরাহ , আয়ুষ্মান কার্ডের সুফল ইত্যাদির কথা তুলে ধরেন । অনুষ্ঠানে অংশগ্রহণ করে সাংসদ ডাঃ রাজদীপ রায় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কথা তুলে ধরেন ।অনুষ্ঠানে বিধায়ক খলিল উদ্দিন মজুমদার , জেলা আয়ুক্ত রোহন কুমার ঝাঁ , পুলিশ সুপার নোমাল মাহাতো প্রমুখ অংশগ্রহণ করেন ।এই অনুষ্ঠানে ৫ জন মহিলা হিতাধিকারীকে অনুদানের অর্থ বন্টন করা হয় ।

---

করিমগঞ্জ জেলা গ্রন্থাগার ভবনে ও আজ এই অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার দেখানো হয় ।সমাজের পিছিয়ে পড়া লোকেদের জীবনের মান উন্নত করতে এবং রোজগারের ব্যবস্থা করতে এই পোর্টেলের মাধ্যমে ঋণ প্রদান করার ব্যবস্থা রয়েছে ।এ উপলক্ষে আয়োজিত এক সভায় জেলা আয়ুক্ত মৃদুল যাদব ,আসাম রাজ্য পরিবহন নিগমের চেয়ারম্যান মিশন রঞ্জন দাস , করিমগঞ্জের পৌরপতি রবীন্দ্র চন্দ্র দেব প্রমুখ এই পোর্টেলের মাধ্যমে সমাজের পিছিয়ে পড়া শ্রেণীর লোকেদের জীবন ধারণের মান উন্নত করার বিষয় নিয়ে আলোচনা করেন ।সভায় একজন হিতাধিকারীর হাতে নমস্তে আয়ুষ্মান কার্ড , তিনজন সাফাইকর্মীর হাতে পি পি ই কিট ,সহ মাইক্র ফাইন্যান্স হিতাধিকারীদের হাতে ঋণ মঞ্জুরিপত্র তুলে দেওয়া হয় ।

---

হাইলাকান্দি জেলায় আজ প্রধানমন্ত্রী সূরজ পোর্টেলের উদ্বোধনী অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার করা হয় ।হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে স্থানীয় টাউন হলে এই অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার দেখানো হয় ।মূলত তপশিলি জাতি ও অন্যান্য পিছিয়ে পড়া শ্রেণী ও সাফাই কর্মচারীদের আয় বাড়ানোর জন্য প্রশিক্ষণে যোগ দিতে এই পোর্টেলে আবেদন করতে হবে ।পোর্টেলে বিভিন্ন স্তরের

দক্ষতা বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে ।ইচ্ছুক আবেদনকারীদের যোগ্যতা কমপক্ষে মাধ্যমিক উত্তীর্ণ হতে হবে । প্রশিক্ষণ শেষে তপশিলি জাতির জন্য ১ হাজার ৫০০ টাকা এবং অন্যান্য পিছিয়ে পড়া শ্রেণীর জন্য ১ হাজার টাকা করে বৃত্তি প্রদান করার ব্যবস্থা রয়েছে ।হাইলাকান্দির জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে জানান যে এধরণের কর্মসূচীর সুফল পেতে সরকারী কার্যালয়গুলোতে যোগাযোগ করতে হবে ।পোর্টেলে আবেদন করতে হলে আধার কার্ড , প্যান কার্ড , ভোটার কার্ড , আয়ের প্রমাণপত্র ইত্যাদি থাকতে হবে ।

---

১৩-০৩-২৪:৭-৪৫:

নাগরিকত্ব সংশোধনী নিয়মাবলী-২০২৪ এর রূপায়ণ স্থগিত রাখার জন্য আসাম বিধানসভার বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া এবং সাংসদ আব্দুল খালেক সুপ্রীম কোর্টে একটি আবেদন দাখিল করেছেন । বিগত ১১ মার্চ নাগরিকত্ব সংশোধনী আইন-২০১৯ সম্পর্কে বিজ্ঞপ্তি জারী করার পরই সরকার এই নিয়মাবলী ঘোষণা করেছিল । আবেদনটিতে এই নিয়ম সমূহকে অসাংবিধানিক বলে উল্লেখ করে এর দ্বারা আসাম চুক্তির ধারা লংঘন করা হয়েছে বলে উল্লেখ করা হয়েছে । এই নিয়মসমূহ আসাম চুক্তির পাঁচ দশমিক আট নম্বর অনুচ্ছেদে উল্লেখ করা ১৯৭১ সালের ২৫শে মার্চের পর আসামে প্রবেশ করা লোকেদের বিদেশী বলে গণ্য করে তাদের সনাক্ত ও বহিষ্কার করা হবে বলে দেওয়া প্রস্তাবকে লংঘন করা হয়েছে আবেদনে বলা হয়েছে । এই আইন এবং নিয়মাবলী নির্দিষ্ট ধর্মীয় গোষ্ঠীগুলির রক্ষণাবেক্ষণ দেওয়ার পক্ষে করা হয়েছে বলে এই আবেদনে উল্লেখ করা হয়েছে ।

এদিকে অসম জাতীয়তাবাদী যুব ছাত্র পরিষদও নাগরিকত্ব সংশোধনী আইনের স্থগিতাদেশ চেয়য়ে সুপ্রীম কোর্টে আবেদন দাখিল করেছে । সংগঠনটি এই আইনের প্রতিবাদে রাজ্যজুড়ে কার্যসূচী গ্রহণ করা হবে বলেও ঘোষণা করেছে ।

অন্যদিকে বিরোধী দল কংগ্রেস ছাড়াও বিভিন্ন দল-সংগঠন এই আইনের বিরোধিতা করে রাজ্যে প্রতিবাদী কার্যসূচী গ্রহণ করেছে । সারা আসাম ছাত্র সংস্থাও গতকাল এই আইনের বিরুদ্ধে সুপ্রীম কোর্টে আবেদন দাখিল করেছে । তবে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় এই আইন কোনো ধর্মাবলম্বী ভারতীয়দের নাগরিকত্বের অধিকার খর্ব করবেনা বলে স্পষ্ট করে দিয়েছে । এছাড়া মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা ২০১৪ সালের পর রাজ্যে আসা কোনো লোক এই আইনের সুবিধা লাভ করবেনা বলে ঘোষণা করেছেন ।

---

রাজ্যের পরিবেশ ও বনমন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারি শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে আজ পরিবেশ, বন বিভাগ ও প্রদূষণ নিয়ন্ত্রণ পর্ষদে ১২৪ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করেছেন । তিনি বনবিভাগের ৫০জন আঞ্চলিক বন আধিকারিক, এবং প্রদূষণ নিয়ন্ত্রণ

পর্ষদের ৭৪ টি পদে প্রার্থীদের নিযুক্তিপত্র বিতরণ করেছেন । উল্লেখ্য- রাজ্যসরকারের একলক্ষ নিযুক্তি সম্পূর্ণ করার লক্ষ্যে দেওয়া প্রতিশ্রুতির অংশ হিসেবে আজকের ১২৪ জন প্রার্থীকে নিয়ে ইতিমধ্যে ৯৭ হাজার ২৫২ জন প্রার্থী বিভিন্ন বিভাগে নিযুক্তি লাভ করেছে ।

---

রাজ্য তথা কেন্দ্র সরকারের যৌথ উদ্যোগে আজ গুয়াহাটীর বেতুকুচিতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা একতা মলের ভূমি পূজো কার্যসূচীতে অংশগ্রহণ করেন ।মোট ২৯৮ কোটি টাকা ব্যায় সাপেক্ষে এই মলটি নির্মান করা হবে ।এই মলের মাধ্যমে রাজ্যের স্থানীয় হস্তনির্মীত ও জি আই ট্যাগ যুক্ত সামগ্রী প্রদর্শণ ও বিক্রয় করা হবে ।আসাম তথা উত্তরপূর্বাঞ্চলের জন্য একটি গুরুত্বপূর্ণ বাণিজ্য কেন্দ্র , বিভিন্ন কারুকার্য , শিল্প ও উদ্যোম ,স্থানীয় ও পরম্পরাগত সামগ্রীর জন্য একটি উপযুক্ত বাজার গড়ে তোলার উদ্দেশ্যে এই একতা মল স্থাপন করা হবে ।প্রকল্পটির নির্ধারিত সময়সীমা  ১৫ মাসের মধ্যে সম্পন্ন করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।এই প্রকল্পটিতে রাজ্য তথা কেন্দ্র শাসিত অঞ্চলের জন্য ৩৫ টি সমান আকারের দোকান ,আসামের ৩৫ টি জেলার জন্য ৩৫ টি সমান আকারের দোকান , আসাম তথা অন্যান্য রাজ্যের পরম্পরাগত খাদ্য , দেশে নির্মীত সফল বাণিজ্যিক সামগ্রীর দোকান সহ আলোচনা , সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদির জন্য প্রেক্ষাগৃহ নির্মাণ করা হবে ।

---